দৈনিক বাংলা

তারিখ ~~14 MAR 1992~~
পৃষ্ঠা ৪ কলাম ৭

19 MAR 1992

# উন্নত শিক্ষা

একটা উন্নত শিক্ষা ব্যবস্থা আমরা চাই। কিন্তু শিক্ষা আমাদের জন্য এখন একটা চ্যালেঞ্জ হয়ে দেখা দিয়েছে। এক্ষেত্রে আমাদের সাফল্য কম। গত দুই দশকে আমাদের দেশে সাক্ষরতার হার যেমন খুব একটা বৃদ্ধি পায়নি, তেমনি শিক্ষা সংক্রান্ত ব্যবস্থায় বা মানেও উন্নতি হয়নি বড় একটা। শিক্ষা ব্যবস্থার বিশৃংখলা মাঝে মাঝে চূড়ান্ত রূপও নেয়। ভর্তি সমস্যার সুরাহা এখন পর্যন্ত হয়নি। পরীক্ষা ব্যবস্থায় দুর্নীতি অব্যাহত আছে। সম্প্রতি কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (১৯৯১ সালের) অংশগ্রহণকারী সাড়ে ৫ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বোর্ডের শৃংখলা বিধান কমিটির সভায় অসদুপায় অবলম্বন এবং পরীক্ষা বিধি ভঙ্গের দায়ে এদের অনেকের পরীক্ষা বাতিল এবং কারো কারো জন্যে যথাক্রমে এক বছর ও দুই বছর পরীক্ষায় অংশ গ্রহণ করার অধিকার বাতিল হয়েছে।

অপরাধ কেউ করলে তার শাস্তি অবশ্যই ভোগ করতে হবে। এটাই আইন। সামাজিক শৃংখলা বিধানের জন্যও এটা জরুরী। তবে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কিত সমস্যাগুলি এমন জটিল হয়ে উঠেছে যে অপরাধের স্বরূপ এবং অপরাধীর ভূমিকা নিয়েও নানা রকম প্রশ্ন ওঠে।

একথা সত্যি যে শিক্ষাঙ্গনে শিক্ষার ভূমিকা গৌণ হয়ে পড়ার পেছনে কিছু কারণ আছে। আমাদের দেশের বিভিন্ন রাজনৈতিক আন্দোলনে ছাত্ররা প্রশংসনীয় ভূমিকা রেখেছেন। একথা অবশ্যই মানতে হবে। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ থেকে শুরু করে স্বৈরশাসন–বিরোধী আন্দোলনে ছাত্ররা প্রথম সারিতে ছিলেন। সম্প্রতি লন্ডনে বিবিসি'র সঙ্গে সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, ছাত্ররা সব সময় আন্দোলনের একটা বিরাট শক্তি। স্বৈরাচারী সরকার অথবা স্বৈরাচার যখন থাকে তখন ছাত্ররা সেই স্বৈরাচারের বিরুদ্ধে সংগ্রাম গড়ে তোলে। তিনি বলেন, এজন্য ছাত্রদের অনেক ক্ষতি হয়েছে, অনেক সময় নষ্ট হয়েছে, সেশনজট হয়েছে। প্রধানমন্ত্রী সেশনজটের উল্লেখ করেছেন। এই সমস্যা বহুদিন থেকে তিলে তিলে জটিল হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান কারণে–অকারণে দীর্ঘদিন বন্ধ থেকেছে। তার ওপর আছে শিক্ষাঙ্গনে সন্ত্রাসের সমস্যা। গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু শিক্ষাঙ্গনে এখনো স্থিতি আসেনি। এটা উদ্বেগের বিষয় সন্দেহ কি?

বর্তমান সরকার শিক্ষা ক্ষেত্রের বহুমুখী সমস্যাগুলি সম্পর্কে অবহিত আছেন। সমস্যা সমাধানের লক্ষ্যে উদ্যোগ নেয়া হচ্ছে।

অতীতে শিক্ষা আমাদের জন্য যে গোলকধাঁধা সৃষ্টি করেছিল আমরা তার থেকে বেরিয়ে আসতে চাই। একথা সত্যি যে বহুমুখী শিক্ষা সংক্রান্ত সমস্যা কোন একটি মাত্র ব্যবস্থায় দূর হয়ে যাবে না হয়ত। তবু জট যত হালকা হয় ততই মঙ্গল। শিক্ষক ও শিক্ষার্থীর চেষ্টা এবং দেশের রাজনীতির স্থিতিশীল অবস্থা শিক্ষা ব্যবস্থার সমস্যা দূর করার ক্ষেত্রে অবদান রাখতে পারে। সংশ্লিষ্ট সকলে এই লক্ষ্যে কাজ করবেন এটাই আমাদের প্রত্যাশা।